দৈনিক ইত্তেফাক

তারিখ FEB. 1 9 1999
পৃষ্ঠা ৯ কলাম ৬

87

## বিদ্যালয় রেজিষ্ট্রেশনের আবেদন

পুরাতন ঢাকার লালবাগ থানাধীন পিলখানা মেডিকেল ষ্টাফ কোয়ার্টারের অভ্যন্তরে অনির্বাণ প্রাথমিক বিদ্যালয় নামক একটি শিক্ষা প্রতিষ্ঠান রহিয়াছে। ১৯৮৬ সালে অত্র আবাসিক এলাকার শিক্ষানুরাগী কতিপয় ব্যক্তির অক্লান্ত প্রচেষ্টায় বিদ্যালয়টি প্রতিষ্ঠিত হয়। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় এই যে, দীর্ঘ এক যুগ পার হইলেও অদ্যাবধি বিদ্যালয়টি রেজিষ্ট্রেশন হয় নাই। অনির্বাণ সমাজ কল্যাণ সংঘ বর্তমানে অত্র বিদ্যালয় পরিচালনা করিতেছে। কিন্তু পর্যাপ্ত আর্থিক ফান্ড না থাকায় নূতন শিক্ষক নিয়োগ এবং প্রয়োজনীয় আসবাবপত্র ক্রয় করা সম্ভব হইতেছে না। তাহাছাড়া শিক্ষক এবং ছাত্র-ছাত্রীদের ব্যবহারের জন্য কোন টয়লেট নাই। এমনকি বিশুদ্ধ পানিরও ব্যবস্থা নাই। রেজিষ্ট্রেশন না থাকায় ছাত্র-ছাত্রীরা বিনামূল্যে বই পাইতেছে না। ইহার ফলে এখানকার শিক্ষা কার্যক্রম দারুণভাবে বিঘ্নিত হইতেছে। এমতাবস্থায় জরুরী ভিত্তিতে বিদ্যালয়টি রেজিষ্ট্রেশন করার জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

মোঃ নজরুল ইসলাম
প্রধান শিক্ষক
অনির্বাণ প্রাথমিক বিদ্যালয়
মেডিকেল ষ্টাফ কোয়ার্টার
লালবাগ রোড, ঢাকা ১২১১